গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা

বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) ৪র্থ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এহছানে এলাহী<br>সচিব |
| সভার তারিখ | ৩০ মে, ২০২২ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট- 'ক' |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান, এসডিজি ৮.৭.১-এর লক্ষ্য বাস্তবায়নের জন্য ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্পটির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তিনি প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য পূরণে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত ও যথাযথ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। তিনি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপনের আহ্বান জানান। মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. সেলিনা আক্তার এ পর্যায়ে প্রকল্পের সংক্ষিপ্ত চিত্র তুলে ধরেন। তিনি জানান প্রকল্পটির মেয়াদকাল জানুয়ারি, ২০১৮ হতে ডিসেম্বর ২০২৩ ও প্রাক্কলিত ব্যয় ২৮৪৪৯.০৮ লক্ষ টাকা। প্রকল্পটির মূল উদ্দেশ্য ঝুঁকিপূর্ণ পেশায় নিয়োজিত ০১ লক্ষ শিশুকে ০৬ মাস ব্যাপি উপানুষ্ঠানিক শিক্ষা এবং ০৪ মাস ব্যাপি নির্বাচিত ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হবে। তিনি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতিসহ সার্বিক বিষয় সভায় উপস্থাপন করেন।

০২। **আলোচনা:**

(ক) **গত পিএসসি সভার কার্যবিবরণী অনুমোদন ও অগ্রগতি পর্যালোচনা:** প্রকল্পের সর্বশেষ পিএসসি সভা গত ২৬-০১-২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করা হলে সদস্যবৃন্দ হতে কোন সংশোধন, সংযোজন এবং পরিমার্জন না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি অনুমোদন করা হয় । সভায় উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং এতে সন্তোষ ব্যক্ত করা হয়।

( খ) **প্রকল্প কাজের ভৌত ও আর্থিক অগ্রগতি পর্যালোচনা:** প্রকল্পের ২০২১-২২ অর্থবছরের আরএডিপিতে বরাদ্দ ৪০০০.০০ লক্ষ টাকা। মে ২০২২ পর্যন্ত প্রকল্পটিতে মোট ক্রমপুঞ্জিত অগ্রগতি ৩৩৯৬.৬১ লক্ষ টাকা। তাছাড়া মে ২০২২ পর্যন্ত অবমুক্তি ৪০০০.০০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ৩১৯৭.৮২ লক্ষ টাকা যা বাস্তবায়ন অগ্রগতি হার বরাদ্দের ৭৯.৯৫% এবং ভৌত অগ্রগতি প্রায় ১১%।

(গ) **গত পিআইসি সভার কার্যবিবরণীর অগ্রগতি ও সুপারিশ পর্যালোচনা:** প্রকল্পের সর্বশেষ পিআইসি সভা গত ২৭-০৪-২০২২ তারিখে অনুষ্ঠিত হয় । উক্ত সভার আলোচনা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করা হয়। সভায় প্রকল্প পরিচালক, যুগ্মসচিব জনাব মোঃ মনোয়ার হোসেন জানান যে, নির্ধারিত এনজিও কর্তৃক শিশুজরিপ সমাপ্ত হয়েছে। ১১২টি এনজিও জরিপ রিপোর্ট জমা প্রদান করেছে। উক্ত জরিপ প্রতিবেদনসমূহের কিছু ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হওয়ায় মন্ত্রণালয় হতে গত ১২ ফেব্রুয়ারি, ২০২২ তারিখ শিশু জরিপ প্রতিবেদন এবং উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম মনিটরিং এর লক্ষ্যে কমিটি গঠন করা হয়। কমিটির সকল সদস্য পরিদর্শন এবং মনিটরিং কার্যক্রম সম্পন্ন করেছে এবং পরিদর্শন প্রতিবেদন দাখিল করেছে। উক্ত প্রতিবেদনের পর্যালোচনা ও সুপারিশ বাস্তবায়নের জন্য সকল এনজিওদের নির্দেশনা প্রদান

করা হয়েছে। শিশু শ্রমিককে উপানুষ্ঠানিক শিক্ষা ও কারিগরি প্রশিক্ষণ গ্রহণকালীন সময়ে বৃত্তি প্রদানের জন্য বিকাশ লিমিটেড এর সাথে গত ২৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখ মাননীয় প্রতিমন্ত্রীর উপস্থিতিতে একটি চুক্তিস্বাক্ষর অনুষ্ঠান আয়োজিত হয়। তিনি আরও বলেন, এনজিওসমূহের জানুয়ারি ও মার্চ মাসের সার্ভিস চার্জ বাবদ ২৭ কোটি টাকার বিল পরিশোধ করা হয়েছে। তাছাড়া জানুয়ারি মাসের শিশু শিক্ষার্থীদের বৃত্তি বিকাশের মাধ্যমে প্রদান করা হয়েছে।

প্রকল্প পরিচালক সভায় অবহিত করেন যে, "কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন (১ম সংশোধিত)" প্রকল্পের অব্যয়িত সমর্পনকৃত ১৫০০.০০ লক্ষ (পনের কোটি) টাকা "বাংলাদেশ ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়)" প্রকল্পের অনুকূলে উপযোজনপূর্বক অতিরিক্ত বরাদ্দ পুনঃনির্ধারণের জন্য গত ১৯ মে ২০২২ তারিখে পরিকল্পনা কমিশনে পত্র প্রেরণ করা হয়েছে। প্রকল্প ব্যয় নির্বাহের জন্য অতিরিক্ত টাকা বরাদ্দ প্রদান করা প্রয়োজন। এনজিওসমূহের এপ্রিল, মে ও জুন মাসের সার্ভিস চার্জ এবং শিশু শিক্ষার্থীদের বৃত্তি বাবদ বিল পরিশোধ করার বিষয়ে কী কার্যক্রম গ্রহণ করা হয়েছে সভাপতি মহোদয় জানতে চান। এ বিষয়ে প্রকল্প পরিচালক বলেন, কার্যক্রম বিভাগের থোক বরাদ্দ হতে অতিরিক্ত টাকা প্রদানের জন্য কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় অবহিত করেন যে, প্রকল্প অফিস হতে অতিরিক্ত বরাদ্দের জন্য নির্ধারিত সময় এবং সঠিক টাকার পরিমান প্রেরিত পত্রে উল্লেখ করা হয়নি । বারবার যোগাযোগ করে পত্র সংশোধনের জন্য অনুরোধ জানানো পরও পত্র প্রেরণ না করায় প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করা সম্ভব হয়নি। উপসচিব (পরিকল্পনা) বলেন, প্রকল্প অফিসের সাথে মন্ত্রণালয় এবং পরিকল্পনা কমিশনের সমন্বয়ের ঘাটতি রয়েছে। অতিরিক্ত বরাদ্দ প্রদান করার জন্য সচিব মহোদয় কার্যক্রম বিভাগের সাথে যোগাযোগ করে জানতে পারেন ১৫ মে ২০২২ তারিখের মধ্যে অতিরিক্ত বরাদ্দ প্রদানের কার্যক্রম সমাপ্ত হয়েছে। এতে সচিব মহোদয় হতাশা ব্যক্ত করেন এবং কেন নির্ধারিত সময়ের বিষয়টি প্রকল্প পরিচালক অবহিত নন সেটা জানতে চাওয়া হয়। এটা দায়িত্ব অবহেলা ও অদক্ষতার সামীল। প্রকল্প পরিচালকে যথাযথভাবে দায়িত্ব পালন এবং সংশ্লিষ্ট দপ্তরসমূহের সাথে সু-সমন্বয় করে প্রকল্প পরিচালনা করার জন্য সচিব মহোদয় কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়।

০৩। **সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) সমর্পনকৃত ১৫০০.০০ লক্ষ (পনের কোটি) টাকা প্রকল্পের অনুকূলে অতিদ্রুত উপযোজনপূর্বক অতিরিক্ত বরাদ্দ পুনঃনির্ধারণ করতে প্রকল্প পরিচালক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

খ) প্রকল্প পরিচালক সংশ্লিষ্ট দপ্তরসমূহের সাথে সু-সমন্বয় করে যথাযথভাবে প্রকল্প পরিচালনা করবেন;

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ এহছানে এলাহী
সচিব

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২৬.১৪.০০৪.২১.৪৩

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৯
১২ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ

২) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৩) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৫) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৬) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

৭) নির্বাহী চেয়ারম্যান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ

৮) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৯) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

১০) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর

১১) যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ

১২) প্রকল্প পরিচালক, বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্প, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১৩) উপসচিব, পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১৪) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)

১৫) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)

১৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটের প্রকল্প ও উন্নয়ন কর্ণারে আপলোডের অনুরোধ সহ)

শাকেরা আহমেদ
সিনিয়র সহকারী সচিব